

## ইউ. এস. ডলার প্রিমিয়াম বন্ড

মূল্যমান: ইউএস ডলার ৫০০; ইউএস ডলার ১,০০০; ইউএস ডলার ৫,০০০; ইউএস ডলার ১০,০০০ এবং ইউএস ডলার ৫০,০০০।

যেখানে পাওয়া যায়ঃ বাংলাদেশ ব্যাংক দেশে অবস্থিত যে কোন তফসিলী ব্যাংকের অথরাইজড ডিলার (AD) শাখা এবং বিদেশে অবস্থিত বাংলাদেশের তফসিলী ব্যাংকের শাখা, এক্সচেঞ্জ হাউস, এক্সচেঞ্জ কোম্পানি হতে ক্রয় করা যায়।

মেয়াদ: ৩ (তিন) বছর।

মুনাফার হারঃ মেয়াদান্তে ৭.৫০%।

| ক্রমিক<br>নং | সঞ্চয় স্কিমের নাম             | মেয়াদ       | বিদ্যমান<br>মুনাফার হার<br>(%) | ইউএস ডলার<br>(US\$) ১,০০,০০০<br>(এক লক্ষ) পর্যন্ত | ইউএস ডলার (US\$)<br>১,০০,০০১ (এক লক্ষ এক)<br>হতে ৫,০০,০০০ (পাঁচলক্ষ)<br>পর্যন্ত | ইউএস ডলার (US\$)<br>৫,০০,০০১ (পাঁচ লক্ষ<br>এক) হতে তদূর্ধ্ব পর্যন্ত |
|--------------|--------------------------------|--------------|--------------------------------|---|---|---|
|              | ইউ. এস ডলার<br>প্রিমিয়াম বন্ড | ১ম বছরান্তে  | ৬.৫০                           | ৬.৫০  | ৫.০০  | ৪.০০  |
|              |                                | ২য় বছরান্তে | ৭.০০                           | ৭.০০  | ৫.৫০  | ৪.৫০  |
|              |                                | ৩য় বছরান্তে | ৭.৫০                           | ৭.৫০  | ৬.০০  | ৫.০০  |

যারা ক্রয় করতে পারবেন: অনিবাসী বাংলাদেশী এবং বাংলাদেশী বংশোদ্ভূত বিদেশী নাগরিক।

ক্রয়ের উর্ধ্বসীমা: উর্ধ্বসীমা নেই।

অন্যান্য সুবিধাঃ

- ১৫% থেকে ২৫% পর্যন্ত মৃত্যু-ঝুঁকির সুবিধা রয়েছে;
- যান্মাসিকভিত্তিতে মুনাফা প্রদেয়;
- বন্ডের বিপরীতে ঋণ গ্রহণের সুবিধা রয়েছে;
- নমিনি নিয়োগ/পরিবর্তন ও বাতিল করা যায়;
- হারিয়ে গেলে, পুড়ে গেলে বা নষ্ট হলে ডুপ্লিকেট বন্ড ইস্যুর সুযোগ রয়েছে;
- এ বন্ডে বিনিয়োগকৃত অর্থ ও অর্জিত মুনাফা আয়কর মুক্ত;
- এ বন্ডে বিনিয়োগকৃত অর্থ ডলারে প্রাপ্য।
- বিনিয়োগকৃত অর্থের জন্য মুনাফা বাংলাদেশী মুদ্রায় প্রাপ্য।